

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক অধিশাখা  
[www.cabinet.gov.bd](http://www.cabinet.gov.bd)

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮.১২৬

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'নবম সংবাদপত্র মজুরি বোর্ড, ২০১৮'-এর রোয়েদাদ চূড়ান্ত করার লক্ষ্যে নিম্নরূপভাবে মন্ত্রিসভা-কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির গঠন :

১।	মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়	আহ্বায়ক
২।	মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়	সদস্য
৩।	মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়	সদস্য
৪।	মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	সদস্য
৫।	প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য

(খ) কার্যপরিধি :

কমিটি মজুরি বোর্ডের সুপারিশসমূহ পরীক্ষা করিয়া 'নবম সংবাদপত্র মজুরি বোর্ড, ২০১৮'-এর রোয়েদাদ চূড়ান্ত করিবে।

(গ) কমিটি প্রয়োজনবোধে অন্য যে কোনো উপযুক্ত প্রতিনিধিকে সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(ঘ) তথ্য মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

(ঙ) মন্ত্রিসভা-কমিটির মতামতের ভিত্তিতে তথ্য মন্ত্রণালয় প্রয়োজনে রোয়েদাদ যথাযথভাবে সংশোধনপূর্বক চূড়ান্ত করিবে এবং সংবাদপত্র মজুরি বোর্ডের সিদ্ধান্ত প্রকাশের বিধান অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্তকৃত 'নবম সংবাদপত্র মজুরি বোর্ড, ২০১৮'-এর রোয়েদাদ সরকারি গেজেটে প্রজ্ঞাপন আকারে প্রকাশ করিবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(ড. আবু সালেহ মোস্তফা কামাল)  
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫৭১৬০০।


অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮.১২৬

২২ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ  
তারিখ:-----  
০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব .....  
মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। মন্ত্রীর একান্ত সচিব, শিল্প/তথ্য/সংস্কৃতি বিষয়ক/স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ১০০ (একশত) কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]।

  
৬.১২.১৮

(বৈবী পারভীন)

উপসচিব

ফোন: ৯৫১১০৮১।

Email: [ca\\_sec@cabinet.gov.bd](mailto:ca_sec@cabinet.gov.bd)